গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম
www.bhurungamari.kurigram.gov.bd

বিষয় : উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সেপ্টেম্বর ২০২৪ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ গোলাম ফেরদৌস
উপজেলা নির্বাহী অফিসার
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম

তারিখ : ০৯/০৯/২০২৪ খ্রিস্টাব্দ

সময় : সকাল ১০:০০ ঘটিকা

সভার স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম

সভার উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক'-তে সংরক্ষিত।

সভার শুরুতেই সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা করেন। অত:পর গত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। এতে কোনো সংযোজন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

ভূরুঙ্গামারী উপজেলার আইন-শৃঙ্খলা সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি এবং সংঘটিত অপরাধ পর্যালোচনা:

| আলোচনার বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| এ উপজেলার বিগত ও তার পূর্ববর্তী মাসের অপরাধ নিম্নরুপ ভাবে তুলনামূলক চিত্রে উপস্থাপন করা হয়: (নিচের সারণি দ্রষ্টব্য) | অপরাধ নিয়ন্ত্রণে রাখতে আইনি তৎপরতা অব্যাহত রাখতে হবে এবং মামলা যথাযথ তদন্তপূর্বক নির্ধারিত তারিখের পূর্বেই প্রতিবেদন দাখিল করতে হবে। | ১.অফিসার ইনচার্জ,ভূরুঙ্গামারী/ কচাকাটা থানা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।<br>২.চেয়ারম্যান, .........ইউপি (সকল), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম। |

| ক্র নং | অপরাধের ধরণ | বিবেচ্য (আগস্ট/২০২৪) মাসের অপরাধ সংক্রান্ত তথ্যাদি | | আগস্ট/২০২৩ মাসের অপরাধ সংক্রান্ত তথ্যাদি | | পূর্ববর্তী (জুলাই/২০২৪) মাসের অপরাধ সংক্রান্ত তথ্যাদি | | জুলাই/২০২৩ মাসের অপরাধ সংক্রান্ত তথ্যাদি | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | অপরাধের সংখ্যা | মামলার সংখ্যা | অপরাধের সংখ্যা | মামলার সংখ্যা | অপরাধের সংখ্যা | মামলার সংখ্যা | অপরাধের সংখ্যা | মামলার সংখ্যা | |
| ১. | খুন | - | - | - | - | - | - | - | ১ | - |
| ২. | চুরি | - | - | - | ১ | - | - | ৩ | ২ | - |
| ৩. | চোরা চালান | - | - | - | ২ | - | - | - | ২ | - |
| ৪. | মাদক দ্রব্য | - | ৬ | - | ৬ | | | ৩ | ৫ | - |
| ৫. | নারী ও শিশু নির্যাতন | - | ২ | - | ৫ | | | ৩ | ৬ | - |
| ৬. | জুয়া | - | - | - | ১ | - | - | - | - | - |
| ৭. | অস্ত্র | - | - | - | - | - | - | - | - | - |
| ৮. | অন্যান্য | - | ৭ | - | ১৯ | - | - | ৯ | ১৩ | - |
| | মোট | - | ১৫ | - | ৩৪ | - | - | ১৮ | ২৯ | - |

এ উপজেলার বর্ণিত অপরাধ চিত্র পর্যালোচনা এবং সার্বিক আইনশৃঙ্খলাসহ সংঘটিত অপরাধ সম্পর্কে আলোচনা করা হয়। অফিসার ইনচার্জ, ভূরুঙ্গামারী থানা মাদকসহ আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া অপরাধ নিয়ন্ত্রণে গণ্যমান্য ব্যক্তিবর্গ ও জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলের আন্তরিকতার সাথে সহযোগিতা করার জন্য অনুরোধ জানান।

| আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
| --- | --- | --- |
| সভায় ভূরুঙ্গামারী উপজেলার সার্বিক আইনশৃঙ্খলার বিষয়ে আলোচনা করা হয়। অফিসার ইনচার্জ, ভূরুঙ্গামারী থানা সভায় বলেন, আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। চুরি প্রতিরোধে অভিযান অব্যাহত রয়েছে। আসন্ন দুর্গাপূজা উৎসবমুখর পরিবেশে আয়োজনের লক্ষ্যে সকলের সহযোগিতা কামনা করেন। ইভটিজিং এর বিষয়ে কোনো ছাড় নাই। আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে সকল কার্যক্রম অব্যাহত রয়েছে। চুরি প্রতিরোধ অভিযান অব্যাহত রাখার জন্য সভায় অফিসার ইনচার্জ, ভুরুঙ্গামারী /কচাকাটা থানাকে পরামর্শ প্রদান করা হয়।<br><br>কোম্পানী কমান্ডার, বিজিবি জানান মাদকসহ চোরাচালান প্রতিরোধে স্থানীয় ইউপি সদস্যদের নিয়ে জনসচেতনতা সৃষ্টির কার্যক্রম অব্যাহত রয়েছে। সীমান্তবর্তী এলাকার হাট-বাজারগুলো রাত ৮.০০ টার পরে বন্ধ রাখতে স্থানীয় ইউপি চেয়ারম্যানগণের সহযোগিতা নিয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সভায় বিজিবেকে অনুরোধ জানানো হয়। একই সাথে প্রত্যেক পয়েন্ট তালিকা করে আগামী ৭ দিনের মধ্যে তালিকা জমা দেয়ার জন্য কোম্পানী কমান্ডারকে অনুরোধ করা হয়।<br><br>চেয়ারম্যান, চরভূরুঙ্গামারী ইউনিয়ন পরিষদ জানান চুরি ছিনতাই রোধে সংশ্লিষ্ট সকলকে সজাগ থাকার আহ্বান জানান। আসামী ধরার সময় সঠিকভাবে যাচাই বাছাই করে পরবর্তী ব্যবস্থা নেয়ার আহ্বান জানান। সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার সভায় বলেন এ বিষয়ে ইউপি চেয়ারম্যানগণকে সজাগ থাকতে হবে। বিদ্যুৎ না থাকার কারণে চুরি রোধে সজাগ থাকা জরুরি। সন্দেহভাজন কোনো ব্যক্তির আনা গোনা দেখা গেলে আইন-শৃঙ্খলা বাহিনীকে জানানোর জন্য সভায় সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।<br><br>সভায় বাগভান্ডার কোম্পানী কমান্ডার বলেন গত মাসে সীমান্তে কোনো দুর্ঘটনা ঘটে নাই। তবে ভারতীয় স্বর্ণ কাতান শারী ২৬০ পিচ, ভারতীয় ইয়াবা ট্যাবলেট ১৯৯৫ পিচ, ভারতীয় হ্যাপিগোল্ড মদ ০৪ বোতল, কিং ফিশাল মদ ১০ বোতল জব্দ করা হয়। যার মূল্য ৪৫,১৯,৫০০/- টাকা। মাদক প্রতিরোধে সংশ্লিষ্ট সকল জনপ্রতিনিধিগণের সহযোগিতা কামনা করেন।<br><br>সভায় জামায়াতের উপজেলা আমীর জানান আসন্ন দুর্গাপূজাসমূহে আগে থেকেই কমিটি গঠন করতে হবে। কমিটির মাধ্যমে নজরদারী রাখতে হবে। তিনি আসন্ন দুর্গাপূজা সুষ্ঠুভাবে সম্পন্নের লক্ষ্যে উপস্থিত সকলের সহযোগিতা কামনা করেন।<br><br>সভায় উপজেলা বিএনপি সভাপতি জানান যে, শিক্ষা প্রতিষ্ঠানসমূহে শিক্ষার গুণগতমান নিশ্চিত করতে হবে। আসন্ন দুর্গাপূজায় সকলকে সজাগ থাকার আহ্বান জানান।<br><br>প্রধান শিক্ষক, তিলাই উচ্চ বিদ্যালয় সভায় জানান যে, স্কুলের সামনে দোকানসমূহে কিছু কিছু বখাটে দেখা যায়। বখাটেদের চিহ্নিত করে তাদের বিষয়ে ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ জানান।<br><br>সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার সভায় খুন, ধর্ষণ, ছিনতাই ইত্যাদি অপরাধের সার্বক্ষণিক নজরদারি বৃদ্ধির পাশাপাশি অপরাধ যাতে বৃদ্ধি না পায় সে বিষয়ে সকল প্রকার পদক্ষেপ গ্রহণ করা, মাদক এবং জুয়ার বিরুদ্ধে পুলিশি অভিযান অব্যাহত রাখার অনুরোধ জানান। চুরি প্রতিরোধে অভিযান পরিচালনা করে আইনের আওতায় আনার জন্য অফিসার ইনচার্জকে পরামর্শ প্রদান করা হয়। সীমান্তবর্তী এলাকায় চলাচল সাবধানে করার লক্ষ্যে প্রত্যেক ইউনিয়নে মসজিদে মসজিদে মাইকিং করতে হবে। ইউপি চেয়ারম্যানগণ এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবেন। সোস্যাল মিডিয়ায় এ বিষয়ে প্রচারণা অব্যাহত রাখার সভাপতি, ভূরুঙ্গামারী প্রেসক্লাবকে অনুরোধ জানান।<br><br>সভাপতি আরও জানান, আসন্ন দুর্গাপূজা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে অন্যান্য বছরের তুলনায় আরও উৎসবমুখর পরিবেশে আয়োজন করতে হবে। এ উপজেলায় ইতোপূর্বে মোট ১৯টি দুর্গামন্ডপে এ পূজার আয়োজন করা হয়েছে। এ বছরে কতটি পূজা মন্ডপে দুর্গাপূজা অনুষ্ঠিত হবে তার তালিকা সংগ্রহ করতে হবে। মন্দির কমিটির সাথে আলোচনা করতে হবে। ইউপি চেয়ারম্যানগণ এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করবেন। | বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. পুলিশ সুপার, কুড়িগ্রাম<br>২. উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।<br>২. সহকারী কমিশনার (ভূমি), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।<br>৩. অফিসার ইনচার্জ, ভূরুঙ্গামারী/কচাকাটা থানা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।<br>৪. চেয়ারম্যান, ......... ইউপি (সকল), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।<br>৫. অধ্যক্ষ/প্রধান শিক্ষক /সুপার (সকল), ............কলেজ/ বিদ্যালয়/মাদ্রাসা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।<br>৬. সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃপক্ষ। |

| | | |
|---|---|---|
| সভায় শিক্ষা প্রতিষ্ঠান সমূহে মানসম্মত শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনার জন্য শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে অনুরোধ জানানো হয়। আইন শৃঙ্খলা সুরক্ষায় সকলের সহযোগিতা কামনা করা হয়। | বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | ১. উপজেলা নির্বাহী অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।<br>২. সহকারী কমিশনার (ভূমি), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।<br>৩. অফিসার ইনচার্জ, ভূরুঙ্গামারী/কচাকাটা থানা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।<br>৪. চেয়ারম্যান, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম ও<br>৬. কোম্পানী কমান্ডার, ................ বিওপি, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম। |

সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার সভায় মাদক প্রতিরোধে স্ব স্ব অবস্থান থেকে সবাইকে ভূমিকা রাখতে অনুরোধ জানানো হয়। সভায় মাদক ও জুয়া প্রতিরোধে সংশ্লিষ্ট সকলকে সজাগ থাকার অনুরোধ জানানো হয়। আইন-শৃঙ্খলা পরিপন্থি কোন কার্যক্রম কারো নজরে আসলে সেবিষয়ে তাৎক্ষণিক অফিসার ইনচার্জ, ভূরুঙ্গামারী/কচাকাটা থানা এবং উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির সদস্যগণকে অবহিত করার জন্য সভায় পরামর্শ প্রদান করা হয়। আইন শৃঙ্খলা পরিস্থিতি সমুন্নত রাখার জন্য সকলকে ঐক্যবদ্ধভাবে স্ব-স্ব অবস্থান থেকে কাজ করার জন্য অনুরোধ জানানো হয়।

পরিশেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ গোলাম ফেরদৌস)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা আইনশৃঙ্খলা কমিটি
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম
মোবাইল নম্বর : ০১৭৯৯-৯৪১৫৫৫

স্মারক নং- ০৫.৪৭.৪৯০৬.০০০.০৮.০০১.২৩- ৮৭৮

তারিখ : ২৫ ভাদ্র ১৪৩১
৯ সেপ্টেম্বর ২০২৪

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে) : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম।
২. পুলিশ সুপার, কুড়িগ্রাম।
৩. অধিনায়ক, ২২/১৫ বিজিবি, কুড়িগ্রাম/লালমনিরহাট।
৪. প্রশাসক, উপজেলা পরিষদ, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৫. উপজেলা ..........................................................অফিসার, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৬. অফিসার ইনচার্জ, ভূরুঙ্গামারী/কচাকাটা থানা, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৭. রাজস্ব কর্মকর্তা, কাস্টম, এক্সাইজ এ্যান্ড ভ্যাট, জয়মনিরহাট, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৮. চেয়ারম্যান, ........................................ ইউনিয়ন পরিষদ (সকল), ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
৯. কোম্পানী কমান্ডার, ২২/১৫ বিজিবি, ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
১০. জনাব..........................................................................................ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম।
১১. ..........................................................................................................।

উপজেলা নির্বাহী অফিসার
ভূরুঙ্গামারী, কুড়িগ্রাম